BSAA Circular No. 58 /2023 Dt 27-04-2023

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
## পরিচালক(ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং- ৩২/২০২৩ইং তারিখ ঃ /০৪/২০২৩ ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী "মে দিবস এবং বুদ্ধপূর্ণিমা" উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে নিম্নলিখিতভাবে ছুটি পালিত হবে।

১। "মে দিবস" উপলক্ষে আগামী ০১/০৫/২০২৩ইং (১৮/০১/১৪৩০বঙ্গাব্দ) তারিখ সোমবার সকাল ০৮.০০ ঘটিকা হতে ০২/০৫/২০২৩ইং (১৯/০১/১৪৩০বঙ্গাব্দ) তারিখ মঙ্গলবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।

২। "বুদ্ধপূর্ণিমা" উপলক্ষে আগামী ০৪/০৫/২০২৩ইং (২১/০১/১৪৩০বঙ্গাব্দ) তারিখ বৃহস্পতিবার সকাল ০৮.০০ ঘটিকা হতে ০৫/০৫/২০২৩ইং (২২/০১/১৪৩০বঙ্গাব্দ) তারিখ শুক্রবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।

৩। শুল্ক বিভাগ ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত ছুটির দিন সমূহে বিশেষ বন্দোবস্তাধীনে এবং বিধি মোতাবেক অতিরিক্ত মাশুল (চার্জ) প্রদান সাপেক্ষে জাহাজ/লাইটার সমূহে কাজ করা যাবে। খাদ্য,ত্রাণ ও অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রীর সাথে সম্পর্কযুক্ত বাণিজ্যিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালক(ট্রাফিক) বা তাঁর অধীনস্ত ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পূর্বেই অবহিত করতে হবে।

৪। উক্ত সময়ে ট্রাফিক বিভাগের অধীনস্থ (পানগাঁও আইসিটি ও ঢাকাস্থ আইসিডিসহ) সকল অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে পর্যাপ্ত জনবল বুকিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। উপরোক্ত সময়সূচী অনুযায়ী বন্দর অভ্যন্তরস্থ জনতা ব্যাংক,ওয়ান ব্যাংকসহ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুমোদিত অন্যান্য ব্যাংকের বুথসমূহ এবং কাস্টম হাউস স্থিত সোনালী ব্যাংক, শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপোসমূহকে সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করে খোলা রাখার জন্য অনুরোধ করা গেল।

পরিচালক (ট্রাফিক) ২৫/৪/২০২৩
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-পপ/সা/৭৮ -২(অংশ-৪)/৮৭৪ তারিখঃ /০৪/২০২৩ ইং

বিতরণ ঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সকল সদস্য, চবক।
০২। সকল বিভাগীয় প্রধান, চবক।
০৩। চীফ ওয়েল ফেয়ার অফিসার,চবক।
০৪। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও কন্টেইনার টার্মিনাল, কেরাণীগঞ্জ, ঢাকা।
০৫। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
০৬। টার্মিনাল ম্যানেজার, চবক।
০৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
০৮। সকল সহকারী ট্রাফিক/ টার্মিনাল ম্যানেজার,চবক।
০৯। সকল ট্রাফিক/ টার্মিনাল অফিসার,চবক।
১০। সকল সহঃ ট্রাফিক অফিসার/ টার্মিনাল অফিসার,চবক।
১১। সকল ট্রাফিক ইন্সপেক্টর/ তত্ত্বাবধায়ক,চবক।

BSAA 211 Received
Dated 27-04-23
Signature

অঃপৃঃদ্রঃ